

মাহবুব আলম | ক্যাম্পাস | 16 July, 2025

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জুলাই পুনর্জাগরণ ২০২৫ উপলক্ষে গত মঙ্গলবার (১৫ জুলাই) বেলা ১২.০০ টায় চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। পিরোজপুর জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিসের আয়োজনে পিবিপ্রবি সভাকক্ষে অনুষ্ঠিত চলচ্চিত্র প্রদর্শনীতে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। চলচ্চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন পিবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম। এ সময় তিনি জুলাই গণঅভ্যুত্থানে সশরীরে অংশগ্রহণের স্মৃতি ও আন্দোলনের ভয়াবহতা শিক্ষার্থীদের সামনে তুলে ধরেন।

ড. মো. শহীদুল ইসলাম বলেন, গত ১৫ জুলাই ২০২৪ তারিখে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলন চলাকালীন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মধ্যে সন্ত্রাসী ও বহিরাগত দিয়ে যেভাবে হামলা চালানো হয়েছে তা অত্যন্ত নিন্দনীয় ও ন্যাক্কারজনক। একটি স্বাধীন দেশে স্বাধীনতার ৫৪ বছর পরেও যে এ ধরনের হামলা হতে পারে তা অকল্পনীয়।

পিবিপ্রবি উপাচার্য জুলাই অভ্যুত্থানে জীবন উৎসর্গকারী সকল শহীদকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ ও তাদের আত্মার মাগফিরাত কামনা এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। একইসঙ্গে তিনি শিক্ষার্থীদের ওপর নির্মম হামলা ও গুলির ঘটনায় জড়িতদের এবং এর নির্দেশদাতা ও মদদদাতাদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান।

চলচ্চিত্র প্রদর্শনীর শেষে উপাচার্য জুলাই পুনর্জাগরণ ২০২৫ উপলক্ষে চলচ্চিত্র প্রদর্শনীসহ অন্যান্য আয়োজনের জন্য সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় হয়ে থাকবে। আর এ ধরনের আয়োজন বর্তমান প্রজন্মের মধ্যে জুলাই গণঅভ্যুত্থানের চেতনা বাঁচিয়ে রাখবে।

এ সময় পিরোজপুর জেলা তথ্য কর্মকর্তা মো. আব্দুল্লাহ-আল-মাসুদ ও জেলা তথ্য অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পিরোজপুর